# যুবদল নেতার নেতৃত্বে হোটেলে হামলা ও নারীদের লাঞ্ছনা



সংগৃহীত ছবি

রাজধানীর মহাখালী এলাকার একটি রেস্টুরেন্টে যুবদল নেতার নেতৃত্বে হামলা, ভাঙচুর এবং নারীদের লাঞ্ছনার অভিযোগ উঠেছে। মঙ্গলবার (১জুলাই) রাতে জাকারিয়া ইন্টারন্যাশনাল রেস্টুরেন্ট অ্যান্ড বার-এ এই ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও রেস্টুরেন্ট কর্তৃপক্ষের বরাতে জানা যায়, বনানী থানা যুবদলের আহ্বায়ক মনির হোসেন ও তার সঙ্গে থাকা একদল ব্যক্তি ভিআইপি রুম না পাওয়ায় ক্ষুব্ধ হয়ে হোটেলে হামলা চালান।

ঘটনার সময় রেস্টুরেন্টের আসবাবপত্র, টেলিভিশন, ল্যাপটপসহ মূল্যবান জিনিসপত্র ভাঙচুর ও লুটপাট করা হয়। রেস্টুরেন্ট কর্তৃপক্ষের দাবি, এতে প্রায় ১০ লাখ টাকা ক্ষতি হয়েছে।

এ সময় রেস্টুরেন্টে অবস্থানরত একাধিক নারী আতঙ্কে দৌড়ে পালানোর চেষ্টা করেন। শাড়ি পরা এক নারীকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া এবং অন্য নারীদের স্পর্শকাতর স্থানে হাত দিয়ে লাঞ্ছিত করার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হলে বিষয়টি আরও আলোচনার কেন্দ্রে আসে।

LENS ASIA

ঘটনার পরদিন, বুধবার (২ জুলাই) রেস্টুরেন্ট কর্তৃপক্ষ বনানী থানায় একটি মামলা দায়ের করে। মামলায় মনির হোসেনসহ ৫ জনের নাম উল্লেখ করে এবং আরও ২৫ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, রেস্টুরেন্টের সিসিটিভি ফুটেজ ও ভাইরাল ভিডিও বিশ্লেষণ করে তদন্ত কাজ চলছে। অভিযুক্তদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

এদিকে, ঘটনার পর যুবদলের কেন্দ্রীয় কমিটি এক বিবৃতিতে জানায়, মনির হোসেনের এই কর্মকাণ্ড দলীয় নীতির পরিপন্থী। তাকে দল থেকে বহিষ্কার এবং তার সঙ্গে সকল ধরনের সম্পর্ক ছিন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে।

এই ঘটনাকে ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যমে নিন্দার ঝড় উঠেছে। রাজনৈতিক ছত্রছায়ায় সহিংসতা ও নারীদের প্রতি লাঞ্ছনার ঘটনায় দ্রুত বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন সাধারণ মানুষ ও মানবাধিকারকর্মীরা।